



জালালাবাদ গ্যাস

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

আঞ্চলিক কার্যালয়।

গৃহস্থালী ও বাণিজ্যিক গ্যাস সংযোগ গ্রহণেচ্ছ গ্রাহকের জন্য নিয়মাবলী ও শর্তাবলী

- যে কোন আশ্রয়ী গ্রাহক নির্ধারিত মূল্যে আবেদনপত্র ফরম সংশ্লিষ্ট আঞ্চলিক বিতরণ কার্যালয় কর্তৃক নির্ধারিত ব্যাংক হইতে ভখন সম্পূর্ণ সার্ভিস হতে নিজ দায়িত্বে সংগ্রহ করিবে।
- আভ্যন্তরীণ পাইপ লাইন স্থাপন ও নির্মাণের জন্য গ্রাহক কেবল মাত্র জালালাবাদ গ্যাসের তালিকাভুক্ত অনুমোদিত ঠিকাদারকে নিয়োগ করিতে পারিবেন। সেই নিয়োগকৃত ঠিকাদার প্রয়োজনবোধে আবেদনপত্র জমা হইতে শুরু করিয়া গ্রাহকের গ্যাস সংযোগ পর্যন্ত নিয়মানুযায়ী সকল কর্তব্য সম্পাদন করিবেন।
- গ্রাহক কর্তৃক কোন ঠিকাদার নিযুক্তি চূড়ান্ত করা হইলে পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে এই নিযুক্তি বাতিল করা যাইবে না। তবে কার্যক্ষেত্রে ঠিকাদারের কোন গাফিলতি থাকিলে গ্যাস কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে ঠিকাদার পরিবর্তন করা যাইতে পারে।
- ঠিকাদার আবেদনপত্র গ্যাস অফিসে জমা দেওয়ার সময় নিম্নলিখিত কাগজপত্র গুলি সংযুক্ত করিয়া দিবেন নতুবা আবেদনপত্র গৃহীত হইবে না।
 - যে বাড়ীতে গ্যাস ব্যবহার করা হইবে সেই বাড়ীর মালিকনা স্বত্বের দলিলপত্রাদি।
 - বাণিজ্যিক গ্রাহকের ট্রেড লাইসেন্স, প্রয়োজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি।
 - গ্রাহক কর্তৃক ঠিকাদার নিয়োগপত্র।
 - একজন প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা সত্যায়িত আবেদনকারীর দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
- জালালাবাদ গ্যাসের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে দরখাস্ত গ্রহণ করার পর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে গ্যাস সরবরাহের ব্যাপারে কারিগরী সম্ভাব্যতা যাচাইসহ প্রয়োজনীয় রিপোর্ট পেশ করিবেন। উল্লেখ্য, জালালাবাদ গ্যাসের সিদ্ধান্ত মোতাবেক গ্যাস সরবরাহের নিমিত্তে গ্রাহকের আঙ্গিনায় যে রইজারটি স্থাপন করা হইবে, ইহা গ্রাহকের বাড়ীর গেইটের নিকটে (বাম অথবা ডানপাশে) উপযুক্ত স্থানে স্থাপন করিতে হইবে।
- যদি কারিগরী সম্ভাব্যতাসহ জরীপকার্য সঠিক হয় তবেই সঠিক জরিপ রিপোর্টের উপর ভিত্তি করিয়া একটি চাহিদাপত্র দেওয়া হইবে। চাহিদাপত্রে ৩ (তিন) মিটারের অতিরিক্ত প্রয়োজনীয় পাইপের মূল্য, গ্যাস সংযোগ ফি ও জামানতের পরিমণ উল্লেখ থাকিবে। এই চাহিদাপত্র ইস্যু করার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের জন্য বরবৎ থাকিবে।
উল্লেখ্য, চাহিদাপত্র ইস্যু করার পূর্বেই ঠিকাদার নিম্নলিখিত কাগজপত্রগুলি জমা দিবেন :-
ক) আভ্যন্তরীণ পাইপ লাইনের নকশা ৪ (চার) কপি।
খ) গ্রাহক ও ঠিকাদারের মধ্যে পারিবারিক/বাণিজ্যিক কাজ করার জন্য যে মূল্য/দর সমঝোতা হইবে তাহার কপি উভয়পক্ষের দস্তখতসহ।
উপরোক্ত নিয়মগুলির যে কোন একটি পূরণে ব্যর্থ হইলে চাহিদাপত্র ইস্যু বিলম্বিত/প্রত্যাহ্যাত হইতে পারে।
- গ্যাস সংযোগ প্রদানের পূর্বে যদি গ্যাসের মালামালের মূল্য বৃদ্ধি ঘটে তবে সেই ক্ষেত্রে অতিরিক্ত দেয় টাকা অবশ্যই গ্রাহককে পরিশোধ করিতে হইবে। পরবর্তীকালে গ্রাহক যদি কোন সরঞ্জাম ব্যবহার করতে চান কিংবা পুনঃসংযোগ নেন অথবা আংশিক সংযোগ বিচ্ছিন্ন করেন, তাহা হইলে বর্তমান হারে জামানতের টাকা/অতিরিক্ত দেয় টাকা সকল গ্যাস সরঞ্জামের জন্য প্রদান করিতে হইবে। গ্যাসঃ পুনঃসংযোগ/বিচ্ছিন্নকরণ/আংশিকবিচ্ছিন্নকরণ সকল ক্ষেত্রেই জালালাবাদ গ্যাসের নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ অনুমোদিত নির্ধারিত ব্যাংক শাখাতে কেবলমাত্র চাহিদাপত্র অনুযায়ী টাকা জমা দেওয়া যাইবে।
- নকশা অনুমোদনের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পূরণ করিতে হইবেঃ-
ক) যথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে গ্যাস লাইন স্থাপনের জন্য রাস্তা কাটার প্রয়োজনীয় অনুমতিপত্র জমা দান।
খ) ব্যাংক পরিশোধকৃত চাহিদাপত্রের কপি দাখিল করা।
গ) চুক্তিপত্র এবং অন্যান্য কাগজপত্রের নির্দিষ্ট স্থানে গ্রাহক-এর একই রকম স্বাক্ষর থাকিবে।
উপরোক্ত নিয়মগুলোর যে কোন একটি পূরণে ব্যর্থ হইলে নকশা অনুমোদন বিলম্বিত/প্রত্যাহ্যাত হইতে পারে।
- নকশা অনুমোদনের পর, শুধুমাত্র জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ঠিকাদারের মাধ্যমে, অনুমোদিত নকশা অনুযায়ী, আভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন-স্থাপনের কাজ করিতে পারিবেন। আভ্যন্তরীণ পাইপ লাইনের যাবতীয় মালামাল সরবরাহ ও স্থাপন খরচ গ্রাহককে বহন করিতে হইবে।
- আভ্যন্তরীণ পাইপ লাইনের কাজ সম্পন্ন হওয়ার পর, জালালাবাদ গ্যাসের আঞ্চলিক বিতরণ কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সরেজমিন পরিদর্শনে সন্তোষজনক প্রতীয়মান হইলে নিয়োজিত ঠিকাদার কর্তৃক কার্য সম্পাদন-রিপোর্ট যথাযথভাবে দাখিল করিবে।
- অনুমোদিত নকশা অনুমোদনের তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিনের জন্য কার্যকরী থাকিবে।